# দৈনিক সংবাদ

তারিখ 24 JUN 1988
পৃষ্ঠা 4 কলাম 1

029


## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সম্মান শ্রেণীর মান উন্নয়ন পরীক্ষা প্রসঙ্গে

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে সম্মান শ্রেণীতে পাস করা ছাত্র-ছাত্রীদের মান উন্নয়ন পরীক্ষায় অবতীর্ণ হতে হলে মাষ্টার ডিগ্রীর ভর্তি বাতিল করতে হয়। এর ফলে ঐ পরীক্ষার ফলাফলের মান উন্নীত না হলে সে বছর মাস্টার ডিগ্রী পরীক্ষাতেও অংশগ্রহণ করতে পারে না বিধায় তাকে দু'কূলই হারাতে হয়। এ ধরনের নিয়ম দেশের ও বিশ্ববিদ্যালয়ের বর্তমান পরিস্থিতিতে মোটেই যুক্তিযুক্ত ও গ্রহণযোগ্য নয়। কারণ, (১) মান উন্নয়ন পরীক্ষায় অবতীর্ণ ছাত্রছাত্রীরা যেহেতু ফেল করেনি তাই শুধুমাত্র মান উন্নয়নের জন্য একজন ছাত্র বা ছাত্রীকে একটি শিক্ষাবর্ষ নষ্ট করতে বাধ্য করার কোন যৌক্তিকতা নেই। (২) দেশের এবং বিশ্ববিদ্যালয়ের বর্তমান পরিস্থিতিতে পরীক্ষাসমূহও নির্দিষ্ট সময়ের অনেক পরে অনুষ্ঠিত হচ্ছে। (৩) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার ক্ষেত্রে মান উন্নয়নের বেলায় এ ধরনের শিক্ষাবর্ষ হারাতে হয় না। (৪) বিশেষ করে তৃতীয় শ্রেণী প্রাপ্ত ছাত্রছাত্রীদের চাকরির সুযোগ বর্তমানে খুবই সীমিত বিধায় তাদের মান উন্নয়নে সুযোগ সৃষ্টি করে দেয়া বিশ্ববিদ্যালয়ের কর্তব্য বলে মনে করি। (৫) আমাদের জানা মতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে মাষ্টার ডিগ্রীতে অধ্যয়নরত অবস্থায়ই সম্মান শ্রেণীর মান উন্নয়ন পরীক্ষায় অবতীর্ণ হতে পারে।

অনিয়মতো ভাঙ্গার জন্যই তৈরী হয়। তাই উপরোক্ত অবস্থার পরিপ্রেক্ষিতে ছাত্র-ছাত্রীদের সুন্দর ভবিষ্যৎ ও বিশ্ববিদ্যালয়ের উপযুক্ত শিক্ষা ব্যবস্থা গড়ার লক্ষ্যে মাষ্টার ডিগ্রীতে অধ্যয়নকালীন সময়েই ছাত্র-ছাত্রীরা এ বছর থেকেই যাতে সম্মান শ্রেণীর মান উন্নয়ন পরীক্ষায় অংশ নিতে পারে তার জন্যে বিশ্ববিদ্যালয়ের উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট আবেদন জানাচ্ছি।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের পক্ষে মাসুদুর রহমান টিপু, সুজিত রায়, অর্থনীতি বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

## ভিটিআই-তে রেফ্রিজারেশন ট্রেড চালু করুন

দেশের সার্বিক উন্নয়নকল্পে এ দেশে কারিগরি শিক্ষার উৎস হিসেবে ভকেশনাল ট্রেনিং ইনষ্টিটিউট (ভি, টি, আই) স্থাপিত হয়। ডঃ কুদরত-ই-খোদা শিক্ষা কমিশনের রিপোর্ট অনুযায়ী কারিগরি শিক্ষার ব্যাপক বিস্তারের লক্ষ্যে বিভিন্ন পরিকল্পনা নেয়া হয়। এতে দেশের চাহিদা মোতাবেক ভি,টি,আইগুলোতে রেফ্রিজারেশন এণ্ড এয়ার কণ্ডিশনিং ট্রেড চালুর সিদ্ধান্ত গৃহীত হয়। পরিকল্পনা অনুসারে ১৯৮৩ সালে বগুড়াস্থ ভি, টি, টি আই-এ কিছুসংখ্যক শিক্ষক নিয়োগ ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়। কালক্রমে ৬ বছর অতিবাহিত হওয়া সত্ত্বেও অদ্যাবধি ট্রেডটি চালুর কোন অগ্রণী ভুমিকা পরিলক্ষিত হয়নি। এতে ট্রেনিংপ্রাপ্ত শিক্ষকদের প্রশিক্ষণ যেমন ব্যাহত হচ্ছে তেমনি দেশের চাহিদাও অপুর্ণ রয়েছে। উল্লেখ থাকে যে, দেশের কোল্ড ষ্টোরেজ আইস প্ল্যান্ট ফ্রিজিং প্ল্যান্টসহ এয়ার কণ্ডিশনিং যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণের জন্য যথেষ্ট দক্ষ কারিগরের চাহিদা রয়েছে বিধায় উল্লেখিত ট্রেডটি ভি,টি,আই গুলোতে চালু করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে আবেদন জানাচ্ছি।

এম, এ কাবী মিয়া,
বি,আই,টি (ঢাকা),
জয়দেবপুর, গাজীপুর।